গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০১৭.২৪. ১১৮২-এ/৩

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩৩ / ১৬ জুলাই ২০২৬

## অফিস আদেশ

যেহেতু জনাব মোঃ আলমগীর হোসেন, উপজেলা সমবায় অফিসার, মহালছড়ি, খাগড়াছড়ি প্রাক্তন পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, নারায়ণগঞ্জ এর বিরুদ্ধে যথাক্রমে: (১) গণপ্রত্যাশা বহুমুখী সমবায় সমিতি লিঃ এর কার্যক্রমের সাথে পরোক্ষভাবে জড়িত থাকার সত্যতা পাওয়া গিয়েছে; (২) গণপ্রত্যাশা বহুমুখী সমবায় সমিতি লিঃ এর সভাপতি জনাব সুফিয়া আক্তার তার নিকট আত্মীয়/শাশুড়ি এবং জনাব রাশেদ উল্লাহ (রাজন) তার শ্যালক; (৩) গণপ্রত্যাশা বহুমুখী সমবায় সমিতি লিঃ এর সভাপতি জনাব সুফিয়া আক্তার সমিতির সাধারণ জনগণের নিকট হতে প্রচুর টাকা আমানত সংগ্রহ এবং তা ফেরত না দেয়া; (৪) গণপ্রত্যাশা বহুমুখী সমবায় সমিতি লিঃ এর সভাপতি জনাব সুফিয়া আক্তার সমিতির সদস্যদের আমানতের টাকা দিয়ে দেশের বিভিন্ন এলাকায় জমি ক্রয় করা; (৫) বর্ণিত সমিতির নিবন্ধনকালীন থেকে পরোক্ষভাবে সমিতির কার্যক্রমের সাথে জড়িত থেকেছেন; সে কারণে সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪. ২০৪.০৩.পি-৮৭২-এ/ও, তারিখ: ১৮.০৭.২০২৪ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে ০১ (২৪-২৫) নম্বর বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আলমগীর হোসেন বিগত ৩০.০৭.২০২৪ তারিখ লিখিত জবাব দাখিল করেন এবং লিখিত জবাবে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষন করেন, সে পরিপ্রেক্ষিতে বিগত ০৯.১০.২০২৪ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০১৭.২৪.জি-বিমা-০১(২৪-২৫)-১৫৭(৬)-এ/ও, তারিখ: ২৮.০১.২০২৫ মূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ 'গণপ্রত্যাশা বহুমুখী সমবায় সমিতি লিঃ' এর কার্যক্রমের সাথে পরোক্ষভাবে জড়িত থাকার বিষয়টি প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ রয়েছে;

যেহেতু সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০১৭.২৪-৭৮২(৩)-এ/ও, তারিখ: ০৪.০৫.২০২৬ মূলে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হলে অভিযুক্ত বিগত ১২.০৫.২০২৬ তারিখ ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং শুনানি প্রার্থনা করায় বিগত ২৫.০৬.২০২৬ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্তের ২য় কারণ দর্শানোর জবাব, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাব এবং অন্যান্য তথ্যাদি পর্যালোচনা করে বিশ্বাস জন্মেছে যে, বর্ণিত সমিতির নিবন্ধন কার্যক্রমে অভিযুক্তের কোন সংশ্লিষ্টতা নেই, অভিযুক্ত সমবায় সমিতির সংগঠক, আবেদন যাচাইকারী কিংবা সুপারিশকারী ছিলেন না, অভিযুক্তের সম্পাদিত অডিট নোট ও বিশেষ অডিট প্রতিবেদনদৃষ্টে দেখা যায় সমিতি কর্তৃপক্ষ অভিযুক্তের আত্মীয় হলেও সকল অনিয়ম তুলে ধরেছেন ও সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৪৯ ধারায় তদন্ত করার জন্য সুপারিশ করেছিলেন, এছাড়া সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৪৯ (১)(ঘ)(ঙ) ধারায় তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের প্রত্যক্ষ ও পরোক্ষ সম্পৃক্ততা নেই এবং ০৩টি ফৌজদারী মামলায় আড়াইহাজার থানা, পিবিআই ও সিআইডি কর্তৃক সম্পাদিত তদন্তের আলোকে আদালত থেকে অভিযুক্ত নির্দোষ হিসেবে খালাস পেয়েছেন;

যেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মতে অসদাচরণের অভিযোগ হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু জনাব মোঃ আলমগীর হোসেন, উপজেলা সমবায় অফিসার, মহালছড়ি, খাগড়াছড়ি-কে সতর্ক অন্তে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/- (মোঃ সেলিম ফকির, এনডিসি)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোনঃ ৪৮১১৯৩০৫

F:\মামলা\অব্যাহতি.docx

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০১৭.২৪. ১১৮২/১(৮)–৭/৩ তারিখ: ০১ শ্রাবণ ১৪৩৩
১৬ জুলাই ২০২৬

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) -

১। যুগ্ম নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
২। জেলা সমবায় অফিসার, খাগড়াছড়ি/নারায়ণগঞ্জ।
৩। সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
৪। সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫। উপজেলা সমবায় অফিসার, মহালছড়ি, খাগড়াছড়ি।
৬। জনাব মোঃ আলমগীর হোসেন, উপজেলা সমবায় অফিসার, মহালছড়ি, খাগড়াছড়ি।
৭। সংশ্লিষ্ট নথি।

১৬/০৭/২০২৬

(মোহাম্মদ সফিকুল ইসলাম)
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।